# বিশ্বাস-ভিত্তিক সংগঠনগুলোর অল্পবয়সী কিশোর-কিশোরী দের জন্য নেয়া কর্মসূচি থেকে প্রাপ্ত জ্ঞান

"আমি মনে করি লিঙ্গ সমতা প্রচারে এখন আগের চেয়ে আমার অনেক বেশি দায়িত্ব রয়েছে।"

## অল্পবয়সী কিশোর-কিশোরীদের গুরুত্ব

অল্পবয়সের কৈশোর (১০-১৪ বছর) হলো শারীরিক, জ্ঞানগত এবং সামাজিক-মানসিক পরিবর্তনের একটি উল্লেখযোগ্য সময় এবং ইতিবাচক যৌবন বিকাশের একটি সর্বোত্তম সময় (Igras et al. 2014; Woog & Kågesten, 2017)। যেহেতু অল্পবয়সী কিশোর-কিশোরীরা বয়ঃসন্ধিকাল অতিক্রম করে, সেহেতু তারা ক্রমবর্ধমানভাবে লিঙ্গ বৈষম্যের সীমাবদ্ধতা এবং সম্ভাবনা অনুধাবন করে। লিঙ্গ বৈষম্য বেশকিছু নেতিবাচক ফলাফলের সাথে সম্পর্কিত, যার মধ্যে রয়েছে বাল্য বিবাহ, অল্পবয়সে বিবাহ এবং জোরপূর্বক বিবাহ; অল্পবয়সে সন্তান জন্মদান; যৌন ও প্রজনন স্বাস্থ্য (SRH) এবং গর্ভনিরোধক সম্পর্কে সীমিত সিদ্ধান্ত গ্রহণের সুযোগ; এবং স্কুলশিক্ষা থেকে ঝরে পড়ার বাড়তি সম্ভাবনা।

বাংলাদেশে, বাল্যবিবাহের প্রচলন রয়েছে। এখানে ২২% কিশোরী মেয়েদের ১৫ বছর বয়সের আগে বিয়ে হয়, যার ফলে অল্পবয়সে যৌন জীবন শুরু এবং কৈশোরে সন্তান ধারনের হার বাড়ে। প্রথম বিবাহের গড় বয়স ১৬.৩ বছর এবং ৪৩% মহিলা ১৮ বছর হওয়ার আগেই সন্তান ধারণ করা শুরু করেন (NIPORT & ICF, 2020)। কিশোর-কিশোরীদের জীবনের গতিপথ পরিবর্তন করার ক্ষেত্রে কর্মসূচি গুরুত্বপূর্ণ, যেগুলোর মধ্যে রয়েছে বিবাহ বিলম্বিত করা, গর্ভনিরোধের লভ্যতা এবং ব্যবহার বৃদ্ধি করা যাতে অল্পবয়সীরা গর্ভবতী হবে কিনা এবং কখন গর্ভবতী হবে এবং প্রতিষ্ঠিত হওয়ার আগে অসাম্য লিঙ্গ রীতি পরিবর্তন করা।

### এক নজরে কর্মকাণ্ড (এ্যাক্টিভিটি)

**বাস্তবায়নের সময়কাল:**
আগস্ট ২০২১-মে ২০২২

**ভৌগলিক সীমা:**
বাংলাদেশ (সাতক্ষীরা ও দিনাজপুর জেলা)

**জনসংখ্যা:**
৬৬১ জন অল্পবয়সী কিশোর-কিশোরী,
৩৮০ জন পিতামাতা/ পরিচর্যাকারী এবং
১৫৩ জন সমাজের অন্যান্য সদস্য

**বিশ্বাস-ভিত্তিক সংগঠন অংশীদার:**
LAMB এবং World Renew

## অল্পবয়সী কিশোর-কিশোরীদের কর্মসূচিতে সম্পৃক্ত থাকার জন্য স্থানীয় সহযোগীদের (পার্টনার) সক্ষমতা শক্তিশালীকরন

### কর্মকাণ্ডের (এ্যাক্টিভিটি) উদ্দেশ্য

নারীত্ব এবং পুরুষত্বের প্রচলিত রীতিগুলোর সমালোচনামূলক নিরীক্ষণকে বেগবান করে এমন লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক পদ্ধতি,লিঙ্গ বৈষম্যের মূল কারণগুলোকে তুলে ধরে লিঙ্গ এবং স্বাস্থ্যসংক্রান্ত ফলাফলের উন্নতিতে অবদান রাখতে পারে বলেপ্রমাণ রয়েছে (Woog and Kågesten, 2017)। তবে, বেশিরভাগ লিঙ্গ এবং SRH সংক্রান্ত

USAID FROM THE AMERICAN PEOPLE
MOMENTUM A Global Partnership for Health and Resilience

কাজগুলো  অল্পবয়সী কিশোর-কিশোরীদের উপেক্ষা করে বেশি বয়সী কিশোর- কিশোরী (১৫-১৯ বছর) এবং প্রাপ্তবয়স্কদের উপর  মনোযোগ দেয় (Igras et al, 2014)। দেখা গেছে যে, প্রাথমিক কৈশোরে ক্ষতিকারক মনোভাব তৈরি হওয়ার আগেই  কর্মসূচি পরিচালনার সর্বোত্তম সময়, সেই সাথে অল্পবয়সী কিশোর-কিশোরীদের নিয়ে কাজ করার সংস্থা ও কর্মসূচির অভাবের পরিস্থিতিতে, মোমেনটাম কান্ট্রি এন্ড গ্লোবাল লিডারশিপ (MOMENTUM) স্থানীয় সহযোগীদেরকে অল্পবয়সী কিশোর-কিশোরীদের লিঙ্গ এবং SRH সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবেলায় কার্যকর কর্মসূচি প্রয়োগের সক্ষমতা শক্তিশালী করার চেষ্টা করেছে৷

## কর্মকাণ্ডের লক্ষ্য

মোমেন্টাম এর এই কার্যকলাপের তিনটি লক্ষ্য ছিল:

১।  অল্পবয়সী কিশোর-কিশোরীদের সাথে লিঙ্গীয় স্বাস্থ্য কর্মসূচির গুণমান এবং প্রসার বৃদ্ধি করা।

২।  অল্পবয়সী কিশোর-কিশোরীদের কর্মসূচিতে বিশ্বাস-ভিত্তিক কমিউনিটিকে কিভাবে যুক্ত করা যায় তার জন্য মডেল(গুলো) তৈরি করা যা জাতীয়, আঞ্চলিক এবং বিশ্বব্যাপী  এই  ধরণের প্রচেষ্টাকে অনুপ্রাণিত করতেশেখার পাশাপাশি সুপারিশও করতে পারে।

৩।  প্রত্যেক সহযোগীদের সামর্থ্য শক্তিশালী করার মাধ্যমে সাংগঠনিক কর্মক্ষমতায় পরিমাপযোগ্য উন্নতি অর্জন করা।

## বিশ্বাস-ভিত্তিক সংগঠনগুলোর সাথে অংশীদারিত্বের পক্ষে যুক্তি


ধর্ম অনেক সমাজের সামাজিক ও সাংস্কৃতিক কাঠামোর কেন্দ্রবিন্দু এবং বিশ্বাস-ভিত্তিক সংগঠন (FBO) গুলোর সেবাভুক্ত কিশোর-কিশোরী এবং তাদের পরিবারের উপর উল্লেখযোগ্য প্রভাব রয়েছে৷ বাংলাদেশে, FBO-গুলোর শক্তিশালী কমিউনিটি সংযোগ রয়েছে এবং তা পরিবারগুলোর কাছে বিশ্বস্ত, যা অল্পবয়সী কিশোর-কিশোরী-দের জন্য স্বাস্থ্য এবং লিঙ্গ সমতার মতো সংবেদনশীল বিষয়গুলোর সমাধানের জন্য একটি গ্রহণযোগ্য প্রবেশদ্বার  খুলতে পারে। তবে, FBO গুলোর খুবই সীমিত দক্ষতা ,জ্ঞান এবং রিসোর্স থাকে যা অল্পবয়সী কিশোর-কিশোরী বা তাদের সহায়তা করে এমন পরিবার এবং সমাজগুলোর মধ্যে ইতিবাচক স্বাস্থ্য এবং উন্নয়নের প্রচারের জন্য নির্ধারিত। এর ফলে FBO-গুলো তাদের পরিবারের সাথে অল্পবয়সী কিশোর-কিশোরীদের মধ্যে লিঙ্গসংক্রান্ত ভূমিকা প্রচার করতে, শরীরের গঠনগত উপলব্ধি এবং গর্ভধারণ সচেতনতা বিকাশ করতে, বাল্য, শিশু এবং জোরপূর্বক বিবাহ এবং গর্ভাবস্থা রোধ করতে এবং শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবায় সম্পৃক্ত করার সুযোগ হারিয়েছে৷ এই শূন্যতা পূরণের জন্য, মোমেন্টাম বাংলাদেশের দুটি FBOএর সাথে অংশীদারিত্ব গঠন করেছে—ওয়ার্ল্ড রিনিউ এবং LAMB হাসপাতাল উভয়ই মোমেন্টাম কনসোর্টিয়াম পার্টনার, ক্রিশ্চিয়ান কানেকশন ফর ইন্টারন্যাশনাল হেলথের নেটওয়ার্কের অংশ। স্থানীয় অংশীদারের সক্ষমতা এবং প্রযুক্তিগত নেতৃত্ব উন্নত করার জন্য মোমেন্টাম এর নির্দেশনার সাথে সামঞ্জস্য রেখে, এই কার্যকলাপটি FBO-গুলোকে শুদ্ধাচার অনুসারে উপযুক্ত অল্পবয়সী কিশোর-কিশোরী SRH এবং লিঙ্গ কর্মসূচি প্রদানের জন্য তাদের সক্ষমতা জোরদার করতে এবং কর্মক্ষমতা উন্নত করতে এবং তাদের বাস্তবায়নের অভিজ্ঞতা থেকে শিখতে সাহায্য করেছে।

ওয়ার্ল্ড রিনিউ এবং LAMB হাসপাতাল কয়েক দশক ধরে বাংলাদেশে কাজ করছে। ওয়ার্ল্ড রিনিউ স্থানীয় অংশীদারদের (যেমন PARI, SATHI, ফেইথ ইন অ্যাকশন এবং লোকাস পিপল'স ইনস্টিটিউটেশনস) মাধ্যমে সারা দেশে কমিউনিটি-ভিত্তিক কর্মসূচিতে কাজ করে। এই কার্যলাপের জন্য, ওয়ার্ল্ড রিনিউ কর্ম এলাকাগুলোতে প্রোগ্রাম করতে ফেইথ ইন অ্যাকশনের সাথে সহযোগিতা করেছে। LAMB বাংলাদেশের উত্তর-পশ্চিমে সরাসরি কমিউনিটি এবং ফ্যাসিলিটি-ভিত্তিক কাজ বাস্তবায়ন করে। উভয়েরই কিশোর-কিশোরীদের সাথে চলমান এবং পূর্ববর্তী প্রকল্প রয়েছে, তবে অল্পবয়সী কিশোর-কিশোরী-দের সাথে কাজ করেনি।

# প্রযুক্তিগত সহায়তা এবং সক্ষমতা উন্নয়নে মোমেন্টাম কান্ট্রি এন্ড গ্লোবাল লিডারশিপের পদ্ধতি

মোমেন্টাম সাংগঠনিক সক্ষমতা মূল্যায়ন, কর্ম পরিকল্পনা এবং পরিমাপের একটি প্রক্রিয়া ব্যবহার করে দুটি FBO-কে প্রযুক্তিগত এবং সাংগঠনিক সক্ষমতা শক্তিশালীকরণ সহায়তা প্রদান করেছে, যেখানে মোমেন্টামএর গ্লোবাল ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ফ্রেমওয়ার্ক (চিত্র ১) এর সাথে সামঞ্জস্য রাখা হয়েছে।

### চিত্র ১: মোমেন্টাম কান্ট্রি এন্ড গ্লোবাল লিডারশিপের সক্ষমতা উন্নয়ন কাঠামো




CSP নিম্নলিখিত ধাপগুলোতে সহায়তা করে:

1. ভার্চুয়াল অরিয়েন্টেশন: সম্পৃক্ততার প্রথম ধাপে প্রস্তাবিত সক্ষমতা বিকাশের পদ্ধতি ও সরঞ্জাম শেয়ার করে নেওয়া এবং পরিপূরকতা নিশ্চিত করতে এবং নকল এড়াতে সক্ষমতা বিকাশের ব্যাপারে পূর্ববর্তী বা চলমান উদ্যোগগুলো সম্পর্কে তাদের কাছ থেকে শোনার জন্য উভয় FBO এর সাথে বৈঠক জরুরী। কর্মশালার পরে, মোমেন্টাম সাংগঠনিক প্রেক্ষাপটকে আরো ভালোভাবে বোঝার জন্য FBO-গুলোর দ্বারা শেয়ার করা বিদ্যমান সাংগঠনিক নীতি, নির্দেশিকা এবং স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি পর্যালোচনা করেছে।
2. ইন্টিগ্রেটেড টেকনিক্যাল অ্যান্ড অর্গানাইজেশনাল ক্যাপাসিটি অ্যাসেসমেন্ট (ITOCA) টুল কাস্টমাইজেশন : দ্বিতীয় ধাপের জন্য মোমেন্টাম কর্মশালার জন্য প্রাসঙ্গিক সাংগঠনিক এবং প্রযুক্তিগত সক্ষমতার ক্ষেত্রগুলো বেছে নেওয়ার লক্ষ্য নিয়ে প্রত্যেক অংশীদারের সাথে ITOCA টুলটি পর্যালোচনা করেছে। এটি পার্টনারদের জন্য টুলের বিশেষত্বের সাথে পরিচিত হওয়ার এবং তা পরিচালনার জন্য প্রয়োজনীয় পরিবর্তনের সুপারিশ করার একটি সুযোগ প্রদান করে।
3. ITOCA এবং সাংগঠনিক কর্মক্ষমতা সূচক (OPI) সংক্রান্ত ভার্চুয়াল কর্মশালা: ধাপ ১ ও ২ অনুসরণ করে, প্রত্যেক অংশীদারের সাথে ITOCA সুবিধা প্রদানকারীর গাইড ব্যবহার করে একটি তিন দিনের কর্মশালার আয়োজন করেছে মোমেন্টাম। বিভাগগুলোর একটি ক্রস সেকশনের FBO কর্মীরা যৌথ ভুমিকা এবং ITOCA সক্ষমতার ক্ষেত্রগুলো স্কোর করতে এবং ক্যাপাসিটি সলিউশন প্ল্যাটফর্ম ব্যবহার করে ফলাফল বিশ্লেষণে নিযুক্ত হয়েছেন। এটি FBO-গুলোর সক্ষমতা উন্নয়ন অগ্রাধিকার এবং সময়সীমাকে প্রতিফলিত করে পরিবর্তিত কর্ম পরিকল্পনা (CAPs) তৈরিতে পরিণত হয়েছে। সাংগঠনিক নেতৃত্বের সাথে OPI বেসলাইন মূল্যায়ন সম্পূর্ণ করার জন্য একটি পৃথক সেশন অনুষ্ঠিত হয়েছিল, যা CAP কার্যক্রমের সাথেও জড়িত ছিল।

4. CAP বাস্তবায়ন ও পর্যবেক্ষণ: CAP-গুলো প্রতিষ্ঠিত হলে, মোমেন্টাম এবং FBO-গুলো যৌথভাবে প্রতিটি চাহিদার জন্য ডেলিভারি মেকানিজম (কোচিং, ট্রেনিং, ওয়ার্কশপ, ইত্যাদি) নিয়ে আলোচনা করে এবং কোথায় মোমেন্টাম এর সহায়তা প্রয়োজন তা চিহ্নিত করে। FBO-গুলো তাদের বেশিরভাগ CAP কার্যক্রম নির্বাচিত ক্ষেত্রগুলোতে মোমেন্টাম এর সহায়তায় পরিচালনা করেছে, সেগুলো পরে সংক্ষেপে বর্ণনা করা হয়েছে। CAP বাস্তবায়নের পাশাপাশি, মোমেন্টাম প্রতিটি অংশীদারের সাথে যৌথভাবে অগ্রগতি পর্যালোচনা করার জন্য, নতুন চাহিদাগুলোকে সামনে আসার সাথে সাথে চিহ্নিত করতে এবং প্রয়োজন অনুযায়ী ডেলিভারি পরিকল্পনাগুলো সামঞ্জস্য করার জন্য রুটিন CAP পর্যবেক্ষণ মিটিং করেছে।
5. পুনর্মূল্যায়ন: সহায়তার সময়কালের শেষের দিকে, মোমেন্টাম সাংগঠনিক কর্মক্ষমতার পরিবর্তনগুলো পরিমাপ করার জন্য সমাপ্তির OPI পুনঃমূল্যায়ন করেছে, যার বিশদ বিবরণ নীচের মূল অনুসন্ধান বিভাগে শেয়ার করা হয়েছে।

প্রযুক্তিগত সক্ষমতা বিকাশের জন্য মোমেন্টাম এর পদ্ধতির অংশ হিসেবে, মোমেন্টাম FBO কর্মীদের সাথে একাধিক অনলাইন অংশগ্রহণমূলক কর্মশালার আয়োজন করেছে। কর্মশালাগুলোর লক্ষ্য ছিল অল্পবয়সী কিশোর-কিশোরী স্বাস্থ্য এবং লিঙ্গসংক্রান্ত কর্মসূচির ভিত্তিগুলোর ভূমিকা এবং সেইসাথে FBO গুলোকে তাদের চলমান কাজের সাথে প্রমাণ-ভিত্তিক অল্পবয়সী কিশোর-কিশোরী কর্মসূচির পদ্ধতিগুলোকে খাপ খাইয়ে নিতে এবং সমন্বিত করতে সহায়তা করার জন্য নির্দেশিকা প্রদান করা। পরবর্তীতে, প্রকল্পটি FBO-গুলোকে সেভ দ্য চিলড্রেনের চয়েস, ভয়েস, প্রমিসেস এর সাথে খাপ খাইয়ে নিতে এবং প্রয়োগ করতে সহায়তা করে—এমন একটি প্রমাণ-ভিত্তিক, পরিবার-কেন্দ্রিক অল্পবয়সী কিশোর-কিশোরী পদ্ধতি যা ফোকাসড শিক্ষামূলক কার্যকলাপের মাধ্যমে আত্ম-প্রতিফলন এবং ডকুমেন্টেশনকে উৎসাহিত করে এবং সংশ্লিষ্টমন্ত্রণালয়, জাতীয় টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ এবং ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট বাংলাদেশের সাথে সম্মিলনের সুবিধা দেয়।

## ইন্টারভেনশন পদ্ধতির বিবরণ: চয়েস, ভয়েস, প্রমিস

ওয়ার্ল্ড রিনিউ এবং LAMB উভয়ই তাদের নিজ নিজ ভৌগোলিক এলাকায় অল্পবয়সী কিশোর-কিশোরী-দের মধ্যে লিঙ্গ সমতা এবং স্বাস্থ্যের প্রচার করার জন্য বাস্তবায়নকারী কৌশল হিসেবে চয়েস, ভয়েস, প্রমিস বিন্যস্ত করেছে। চয়েস, ভয়েস, প্রমিস নেপালে তৈরি এবং পরীক্ষা করা হয়েছিল (Lundgren et al., 2013; Lundgren, Gibbs, & Kerner, 2018)। চয়েস, ভয়েস, প্রমিস হস্তক্ষেপের একটি লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক প্যাকেজ যা ইতিবাচক সামাজিক এবং আচরণের পরিবর্তনকে উন্নীত করার জন্য একটি আর্থ-সামাজিক-পরিবেশগত পদ্ধতি ব্যবহার করে, যেখানে এটি স্বীকার করা হয় যে, আচরণ এবং রীতিগুলো ব্যক্তি এবং সামাজিক উভয় কারণের দ্বারা প্রভাবিত হয়। পদ্ধতিটির তিনটি স্বতন্ত্র ইন্টারভেনশন রয়েছে।

**চয়েস** ব্যক্তিগত স্তরে কাজ করে, যেখানে অল্পবয়সী কিশোর-কিশোরীরা তাদের প্রজনন স্বাস্থ্য সম্পর্কে সুচিন্তিত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে এবং স্বাধীনতা পায়। এই মাধ্যমে পর্যালোচনামূলক মানসিকতা এবং উন্নয়ন উপযোগী কার্যক্রমের মাধ্যমে তারা সীমিত জেন্ডার নীতিমালাকে সংহত করতে পারে।

**ভয়েস** পিতামাতাএবং অভিভাবকদের সহযোগিতা নিয়ে কাজ করে, যেখানে অভিভাবকদের কার্যকর সাক্ষাৎকার ব্যবহার করে পরিবারের ভিত্তিতে ভূমিকা পালন করে ইতিবাচক পরিবর্তন ঘটায়। পাশাপাশি থাকে দলীয় আলোচনা।

**প্রমিস** এমন পরিবেশ তৈরি করতে সমাজ পর্যায়ে কাজ করে যেখানে ছেলেদের ও মেয়েদের স্বাস্থ্য এবং শিক্ষাকে সংলাপ তৈরির জন্য ডিজাইন করা একটি পোস্টারের মাধ্যমে সহজ আলোচনার মাধ্যমে দেখানো হয়।

এর আগে সেভ দ্য চিল্ড্রেন এর মাধ্যমে বাংলাদেশে "চয়েস" কে গ্রহণ এবং বাস্তবায়ন করা হয়েছিল, কিন্তু এবারই প্রথম বার যে "ভয়েস" এবং "প্রমিস" বাংলাদেশে গ্রহণ এবং বাস্তবায়ন করা হচ্ছে।

### ইন্টারভেনশন: চয়েস

- **আওতাভুক্ত বিষয়সমূহ:**
  - লিঙ্গ বৈষম্য এবং ক্ষমতা
  - লিঙ্গ সমতা প্রচার করার জন্য ছোট ছোট পদক্ষেপ
  - মেয়ে ও ছেলেদের সাথে সমান আচরণ
  - অন্যান্য সামাজিক রীতি
  - অল্পবয়সী কিশোর-কিশোরী-দের আশা ও স্বপ্ন
  - অল্পবয়সী কিশোরীদের ক্ষমতায়নে অল্পবয়সী কিশোরদের ভূমিকা
  - পরিবার এবং বন্ধুদের কাছ থেকে সহায়তা
  - বয়ঃসন্ধিঅল্পবয়সী কিশোর-কিশোরী
- **সেশনের সংখ্যা এবং ফ্রিকোয়েন্সি:** ১২টি সেশন সাপ্তাহিক বা দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে অনুষ্ঠিত হয়
- **সুবিধা:** কিশোর-কিশোরীরা (বয়স ১৬ এবং তার বেশি) পাঠ্যক্রমের উপর প্রশিক্ষণ নেয় এবং নিয়মিত কোচিং পেয়েছিল।
- **বাস্তবায়ন পদ্ধতি:** ওয়ার্ল্ড রিনিউ অল্পবয়সী কিশোর-কিশোরীদের সাথে ছোট, মিশ্র-লিঙ্গের গ্রুপগুলোর সাথে কর্মসূচিটি বাস্তবায়ন করেছে; LAMB পৃথক লিঙ্গের গ্রুপগুলোর সাথে সেশন করার কাজ করে
- **স্থান:** অল্পবয়সী কিশোর-কিশোরীদের পরিবারের সাথে পরামর্শ করে, FBO-গুলো অল্পবয়সী কিশোর-কিশোরী এর বাড়ির কাছাকাছি স্কুলের মতো ভেন্যু বেছে নিয়ে চয়েসের সেশনগুলো করে

### ইন্টারভেনশন: ভয়েস

- **আওতাভুক্ত বিষয়সমূহ:**
  - গৃহস্থালী কাজের লিঙ্গ ভিত্তিক ন্যায্য বিভাজন প্রচার করা
  - মেয়ে ও ছেলেদের জন্য সমান হোমওয়ার্কের সময় প্রদান করা
  - মেয়ে ও ছেলেদের জন্য সমান এবং একই মানের খাবার সরবরাহ করা
  - অল্পবয়সী কিশোর-কিশোরী-দের মধ্যে মেয়েদের শিক্ষার প্রচার
  - দেরিতে বিয়ে
  - পিতামাতা-সন্তানের যোগাযোগকে উৎসাহিত করা
- **সেশনের সংখ্যা এবং ফ্রিকোয়েন্সি: ৬টি সেশন সাপ্তাহিক বা দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে অনুষ্ঠিত হয়**
- **সুবিধা:** FBO এর সাথে কাজ করার পূর্ব অভিজ্ঞতা আছে এমন প্রাপ্তবয়স্ক স্বেচ্ছাসেবক/কমিউনিটি সদস্যদের কর্মসূচি সামগ্রীর উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। FBO বাস্তবায়ন টিমগুলো বাস্তবায়নের পুরো সময় জুড়ে তদারকি করেছে
- **বাস্তবায়ন পদ্ধতি:** ওয়ার্ল্ড রিনিউ অল্পবয়সী কিশোর-কিশোরীদের বাবা-মা এবং অভিবাবকদের নিয়ে ছোট, মিশ্র-লিঙ্গের গ্রুপের সাথে সেশনের আয়োজন করেছে। LAMB মিশ্র-লিঙ্গ এবং পৃথক লিঙ্গের উভয় গ্রুপে অল্পবয়সী কিশোর-কিশোরীদের মা ও বাবাদের সাথে ভয়েসের ছোট গ্রুপ সেশন বাস্তবায়ন করেছে
- **স্থান:** ইন্টারভেনশন কমিউনিটির আঙ্গিনা

**ইন্টারভেনশন: প্রমিস**

- **আওতাভুক্ত বিষয়সমূহ:**
  - অল্পবয়সী কিশোর-কিশোরীদের আশা এবং স্বপ্ন
  - অল্পবয়সী কিশোর-কিশোরীদের নিয়ে তাদের পিতামাতার আশা এবং স্বপ্ন
  - শিক্ষা অল্পবয়সী কিশোর-কিশোরী-দের জীবনে যে ব্যবহারিক সুবিধা দিয়েছে
  - নিজের কন্যা ও পুত্রদের স্বাস্থ্য এবং শিক্ষাকে অগ্রাধিকার দেওয়ার সিদ্ধান্তে পিতামাতার গর্ব ও সন্তুষ্টি
  - বাল্যকালে বিবাহিত মেয়েদের জন্য হারিয়ে যাওয়া সুযোগ মেয়েদের স্কুলে রাখার জন্য সমাজের নেতৃবৃন্দের সহায়তা
  - নিজেদের সন্তানদের স্কুলে রাখার জন্য অভিভাবকদের প্রতিশ্রুতি
- **সেশনের সংখ্যা এবং ফ্রিকোয়েন্সি:** 7টি সেশন সাপ্তাহিক বা দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে অনুষ্ঠিত হয়
- **সুবিধা:** প্রশিক্ষিত মূল সমাজের প্রভাবশালীরাসহ বাস্তবায়ন টিমের সদস্যরা, যেমন স্কুল শিক্ষক এবং স্থানীয় সরকারী কর্তৃপক্ষ, প্রমিস গ্রপের আলোচনার নেতৃত্ব দেন
- **বাস্তবায়ন পদ্ধতি:** শিক্ষক, সরকারী কর্তৃপক্ষ, সমাজকর্মী, স্বাস্থ্যসেবা কর্মীসহ মিশ্র-লিঙ্গের, মূল সমাজের প্রভাবশালী ছোট গ্রুপ
- **স্থান:** স্থানীয় সরকার চত্বর

## শিক্ষামূলক প্রশ্ন এবং পদ্ধতি

বাস্তবায়নের নয় মাস সময়কাল জুড়ে, মোমেন্টাম FBO-গুলোকে সহায়তা করেছে যেন নিয়মিতভাবে বাস্তবায়নের অভিজ্ঞতার উপর প্রতিফলিত করে, পর্যালোচনা এবং নথি করতে এবং কর্মসূচিটির ফলাফল এবং প্রাসঙ্গিক বিশ্লেষণ ব্যবহার করে ক্রিয়াকলাপগুলোকে মানিয়ে নিতে গৃহীত ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করতে পারে। FBO-গুলোর সাথে সহযোগিতায়, মোমেন্টাম নিম্নলিখিত মূল শিক্ষামূলক প্রশ্নগুলো তৈরি করেছে।

বাংলাদেশে খুব অল্পবয়সী কিশোর-কিশোরীদের জন্য লিঙ্গ পরিবর্তনমূলক প্রোগ্রাম বাস্তবায়নের জন্য LAMB এবং ওয়ার্ল্ড রিনিউয়ের (FBOs) প্রযুক্তিগত এবং সাংগঠনিক সক্ষমতা শক্তিশালী করার প্রক্রিয়া থেকে কী শিক্ষা নেওয়া যেতে পারে?

**কাজের উপ-ক্ষেত্র**

- কিভাবে চয়েস, ভয়েস, প্রমিস পদ্ধতি প্রয়োগ এবং অভিযোজিত হয়েছিল?
- অল্পবয়সী কিশোর-কিশোরীদের স্বাস্থ্য এবং লিঙ্গ কেন্দ্রীক ইন্টারভেনশনে সহায়তা ও বাস্তবায়নে FBOএর অনন্য ভূমিকা কী?
- কিভাবে সক্ষমতা উন্নয়নে FBO-গুলো এবং কিশোর-কিশোরীদের জন্য লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক পদ্ধতির বাস্তবায়ন উপকৃত হয়েছে?

মোমেন্টাম বাস্তবায়নমূলক শিক্ষাকে উৎসাহিত করার জন্য বেশ কয়েকটি গৃহীত ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করেছে, যার মধ্যে রয়েছে:ExpandNet এর ইমপ্লিমেন্টেশন ম্যাপিং[1] টুলের উপর ভিত্তি করে একটি উপযোগী বাস্তবায়ন ট্র্যাকিং টুল দ্বারা পরিচালিত মাসিক মিটিং, ত্রৈমাসিক শিক্ষন পর্যালোচনা সভা, একটি কর্ম-পরবর্তী পর্যালোচনা এবং মূল স্টেকহোল্ডারদের সাথে সাক্ষাৎকার (ছক ১)। প্রকল্পটি কাজের অগ্রগতি সম্পর্কে প্রতিক্রিয়া এবং ফিডব্যাক সংগ্রহ করতে, উদ্বেগ নিয়ে আলোচনা করতে এবং উন্নতির জন্য সুপারিশগুলো চিহ্নিত করতে মাসিক ভিত্তিতে FBO বাস্তবায়নকারী কর্মীদের আহ্বান করে।

### ছক 1: উপযোগী ব্যবস্থাপনার উৎস, অংশগ্রহণকারী এবং উদ্দেশ্য

| শেখার উৎস | অংশগ্রহণকারী গ্রুপ | উদ্দেশ্য |
|---|---|---|
| গৃহীত বাস্তবায়ন ম্যাপিং টুল ব্যবহার করে মাসিক প্রতিফলনমূলক আলোচনা | FBO এর প্রকল্প বাস্তবায়নকারী কর্মী | উল্লেখযোগ্য পর্যবেক্ষণ, অভিযোজন, চ্যালেঞ্জ এবং পরবর্তী পদক্ষেপগুলো রেকর্ড করা |
| ত্রৈমাসিক শিক্ষন পর্যালোচনা মিটিং (মোট 6টি, প্রতি FBO প্রতি ৩টি) | FBO এর প্রকল্প বাস্তবায়নকারী কর্মীরা, মোমেন্টামএর প্রযুক্তি উপদেষ্টা | ইতিবাচক এবং নেতিবাচক প্রকল্পের অভিজ্ঞতায় অবদান রাখার কারণগুলো প্রতিফলিত করা, পাঠগুলো বুঝা এবং ব্যবহারিক সুপারিশগুলো তৈরি করা |
| মূল তথ্যদাতার সাক্ষাৎকার | সামাজিক এবং ধর্মীয় নেতা, স্থানীয় সরকার কর্তৃপক্ষ, অন্যান্য স্থানীয় সমাজ-ভিত্তিক সংস্থার কর্মীরা | সাফল্য বা ব্যর্থতার উপর প্রতিফলন করা এবং যে কারণগুলো হস্তক্ষেপের বাস্তবায়নকে সহজতর এবং বাধাগ্রস্ত করতে পারে সেগুলোর বিষয়ে ফিডব্যাক জানানো |
| কর্মসূচি বাস্তবায়নের পর কর্ম-পরবর্তী পর্যালোচনা | FBO প্রকল্প বাস্তবায়ন এবং মোমেন্টামকর্মীদের সাথে যৌথ সেশন | পুরো অভিজ্ঞতা, মূল শিক্ষা এবং উন্নতির জন্য সুপারিশগুলো প্রতিফলিত করা |
| ITOCA এবং OPI মূল্যায়ন (প্রাক-ইন্টারভেনশনএবং বাস্তবায়নোত্তর), CAP পর্যবেক্ষণ পর্যালোচনা সভা | FBO এর নেতৃত্বদানকারী এবং প্রকল্প বাস্তবায়নকারী কর্মী | পূর্ব-সংজ্ঞায়িত সক্ষমতার ক্ষেত্রগুলোতে সাংগঠনিক সক্ষমতার পরিবর্তন মূল্যায়ন করা; বাস্তবায়ন জুড়ে CAP এর অগ্রগতি এবং আসন্ন চাহিদার প্রতিফলন করা |

## চয়েস, ভয়েস এবং প্রমিস বাস্তবায়ন

কর্মসূচি বাস্তবায়নের সময়কালটি ছিল আগস্ট 2021 থেকে মে 2022 পর্যন্ত। ওয়ার্ল্ড রিনিউ এবং LAMB যথাক্রমে সাতক্ষীরা জেলা (দক্ষিণাঞ্চল, বাংলাদেশ) এবং দিনাজপুর জেলা (উত্তরাঞ্চল বাংলাদেশ) এ কর্মসূচিটি বাস্তবায়ন করেছে। এই অঞ্চলগুলোতে বাল্যবিবাহের উচ্চপ্রবণতা, লিঙ্গ বৈষম্যমূলক চর্চা এবং সীমিত SRH জ্ঞান রয়েছে। FBO-গুলো কর্মসূচিতে অংশগ্রহণকারীদের শনাক্ত করতে এবং বাস্তবায়নের সিদ্ধান্তগুলো জানাতে তাদের গভীর যোগাযোগগুলোকে কাজে লাগায়।

বাস্তবায়ন শুরুর আগে, FBO-গুলো হস্তক্ষেপের উপকরণগুলো তৈরি করে এবং বিন্যস্ত  করে যাতে সেগুলো প্রাসঙ্গিকভাবে উপযুক্ত হওয়া নিশ্চিত করা যায় এবং কর্মসূচিতে অংশগ্রহণকারীরা সহজেই বুঝতে পারেন। আরো নির্দিষ্টভাবে বলতে গেলে, FBO-গুলো ভাষা সহজীকরণের মাধ্যমে চয়েসের পাঠ্যক্রম সংশোধন করেছে যেন এটি নিশ্চিত করা যায় যে তা বয়সী কিশোর-কিশোরীরা বুঝেন এবং ইন্টারভেনশনে করা অল্পবয়সী কিশোর-কিশোরী-দের সাথে তারা পছন্দের কার্যকলাপগুলোকে আরো সম্পর্কযুক্ত এবং প্রাসঙ্গিক করে তোলার জন্য বিন্যস্ত  করেছে।

---

[1] ExpandNet, বিশ্ব স্বাস্থ্য সংস্থা। 2020। বাস্তবায়ন ম্যাপিং টুল: প্রসারের অভিযোজিত ব্যবস্থাপনা এবং ডকুমেন্টেশনে সহায়তা করার জন্য একটি টুল। https://expandnet.net/PDFs/ExpandNet-IMT-Updated-Oct-2020.pdf

FBO-গুলো অডিও গল্প ব্যবহার করে ভয়েসের ইন্টারভেনশনে বাস্তবায়ন করেছে যেন অল্পবয়সী কিশোর-কিশোরী-দের ছোট ছোট দলে অভিবাবকদের মধ্যে প্রতিফলন এবং কথোপকথন প্রচার করা যায়। ভয়েসের ইন্টারভেনশনটি কনিউনিটি পিতামাতা এবং সমাজের সদস্যদের জবানে সংক্ষিপ্ত, আবেগময় অডিও গল্পগুলোর উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। FBO কর্মীরা, ইন্টারভেনশনকারী কমিউনিটির নেতাদের এবং প্রাপ্তবয়স্ক স্বেচ্ছাসেবকদের (কর্মসূচি ফ্যাসিলিটেটর) সাথে পরামর্শ করে এমন অভিভাবক এবং কমিউনিটির সদস্যদের বেছে নিয়েছে যাদেরকে তারা টার্গেট আচরণের জন্য চ্যাম্পিয়ন মনে করে এবং যাদের গল্প সমাজের অন্যদের সাথে অনুরণিত হবে।

অডিও গল্প তৈরি করার জন্য, FBO-গুলো প্রভাবশালী পিতামাতা এবং অভিবাবক দেরকাছ থেকে ব্যক্তিগত প্রত্যয়ন সংগ্রহ করেছে যারা ইন্টারভেনশনকারী কমিউনিটিগুলোতে পছন্দনীয়, সম্মানিত ছিলেন এবং যদেরকে ইতিবাচক লৈঙ্গিক আচরণ এবং মনোভাব প্রদর্শন করা হয়েছিল। অডিও প্রত্যয়ন চূড়ান্ত করার পর, ইন্টারভেনশন টিম ফলাফল প্রসার করার জন্য টেক-হোম গল্প কার্ড তৈরি করেছে এবং অংশগ্রহণকারীদের তাদের পরিবার এবং সমাজের সদস্যদের সাথে গল্প শেয়ার করার জন্য একটি ভিজ্যুয়াল উপায় প্রদান করেছে। গল্পের কার্ডগুলো অডিও প্রত্যয়নে কভার করা প্রত্যেক টার্গেট আচরণ বা বিষয়ের জন্য (যেমন, গৃহস্থালি কাজের ন্যায়সঙ্গত বিভাজন) এবং বিষয়ের সাথে যুক্ত মূল বার্তা এবং ভিজ্যুয়ালগুলোর একটি সারসংক্ষেপ অন্তর্ভুক্ত করে তৈরি করা হয়েছিল (ভয়েস এর টেক-হোম গল্প কার্ডের উদাহরণের জন্য চিত্র ২ দেখুন)।

## চিত্র ২: ভয়েসের টেক-হোম গল্প কার্ডের উদাহরণ, যা গৃহস্থালি কাজের লিঙ্গ-সমতাপূর্ণ বিভাজনের বিষয়টি তুলে ধরে।




প্রতিটি সেশন চলাকালীন, অংশগ্রহণকারীরা পিতামাতা এবং কমিউনিটির সদস্যদের কাছ থেকে অডিও প্রত্যয়ন শুনেন এবং তারপর এই গ্রুপের সাথে পরিচালিত আলোচনায় অংশ নেন। কিছু সেশনে, বাস্তবায়নকারী টিমগুলো পিতামাতা এবং অভিবাবকদের দক্ষতা তৈরিতে সহায়তা করার জন্য ডিজাইন করা কার্যকলাপ অন্তর্ভুক্ত করেছে,

যেমন ইন্টারভেনশনে অন্তর্ভুক্ত বিষয়গুলো সম্পর্কে অল্পবয়সী কিশোর-কিশোরী-দের সাথে আরো ভালো যোগাযোগ করতে সক্ষম হওয়া।

প্রমিসের জন্য, FBO-গুলো সমাজের স্থানীয় শিল্পীদেরকে অল্পবয়সী কিশোর-কিশোরী এর স্বাস্থ্য ও শিক্ষাকে অগ্রাধিকার দেওয়ার জন্য পোস্টারে মনস্তত্ত্ব-ভিত্তিক কথোপকথনের সাথে সম্পর্কিত প্রাসঙ্গিকভাবে সম্পর্কযুক্ত ছবি তৈরি করার জন্য দায়িত্ব দিয়েছে (চিত্র 3 দেখুন, ওয়ার্ল্ড রিনিউ কর্তৃক তৈরি একটি প্রমিস পোস্টার)। প্রতিটি পোস্টার একটি কমিউনিটি বোর্ডে প্রায় দুই সপ্তাহের জন্য প্রদর্শিত হয়েছিল যাতে বার্তাগুলো সামাজিক বিস্তার লাভ করে। প্রতিটি পোস্টার উন্মোচন সেশনে একদল প্রভাবশালী কমিউনিটি সদস্যদের আমন্ত্রণ জানানো হয়েছিল, যা পোস্টারগুলো দেখার সাথে সাথে একটি পরিচালিত আলোচনা এবং প্রতিফলনকে অন্তর্ভুক্ত করেছিল। প্রমিসের অংশগ্রহণকারীদের তখন তাদের পরিবার, প্রতিবেশী এবং অন্যান্য সমাজের সদস্যদের সাথে পোস্টার নিয়ে আলোচনা করতে উৎসাহিত করা হয়েছিল।

**চিত্র ৩: একটি প্রমিস পোস্টারের উদাহরণ যেটিতে শিক্ষা অল্পবয়সী কিশোর-কিশোরী-দের জীবনে নিয়ে আসা ব্যবহারিক সুবিধা এবং তাদের পিতামাতার সমর্থন অনুভব করার বিষয়ে বার্তা রয়েছে।**




ওয়ার্ল্ড রিনিউ অল্পবয়সী কিশোর-কিশোরীদের একত্রে অংশগ্রহণ এবং ক্রিয়াকলাপ অনুশীলন করার জন্য একটি জায়গা তৈরি করতে অল্পবয়সী কিশোর-কিশোরীদের মিশ্র গ্রুপের সাথে 'চয়েস' ইন্টারভেনশন বাস্তবায়ন করেছে। অভিভাবক এবং অল্পবয়সী কিশোর-কিশোরী-দের পরিচিত স্থানগুলোর কাছাকাছি, যেমন, কাছাকাছি স্কুল, বাড়ির আঙ্গিনা, কমিউনিটি রিসোর্স সেন্টারের কাছাকাছি গ্রুপগুলো গঠিত হয়েছিল। গ্রুপগুলোতে ভাইবোন, কাজিন এবং একই গ্রুপের বন্ধুরা অন্তর্ভুক্ত ছিল। LAMB, বিপরীতভাবে, সমাজের প্রেক্ষাপট এবং কিশোর-কিশোরীদের এবং পিতামাতার সাথে কাজ করার পূর্ব অভিজ্ঞতার উপর ভিত্তি করে অল্পবয়সী কিশোর-কিশোরী-দের পৃথক গ্রুপগুলোর সাথে 'চয়েস' সম্পাদন করে। এই পৃথক লিঙ্গের গ্রুপগুলোর উদ্দেশ্য ছিল অল্পবয়সী কিশোর-কিশোরী-দেরকে তাদের চিন্তাভাবনা এবং মতামতগুলোকে আরো স্বাধীনভাবে শেয়ার করতে উৎসাহিত করা। ওয়ার্ল্ড রিনিউ অল্পবয়সী কিশোর-কিশোরী-দের অভিভাবকদের মিশ্র গ্রুপের সাথে ভয়েস সেশন পরিচালনা করেছে, যখন

LAMB মিশ্র-লিঙ্গ এবং পৃথক লিঙ্গ উভয় গ্রুপে অল্পবয়সী কিশোর-কিশোরী-দের মা এবং বাবাদের সাথে ভয়েস সেশন পরিচালনা করেছে। উভয় FBOগুলোই প্রভাবশালী সমাজের সদস্যদের মিশ্র গ্রুপের সাথে প্রমিস সেশন বাস্তবায়ন করেছে।

প্রাপ্তবয়স্ক স্বেচ্ছাসেবক দের সাথে প্রশিক্ষিত পুরুষ ও মহিলা ফ্যাসিলিটেটররা (১৬-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী) চয়েস গ্রুপ সেশনের পরিচালনা করেছে এবং গ্রুপ অংশগ্রহণকারীদের বয়সের কাছাকাছি ফ্যাসিলিটেটরদের দিয়ে অল্পবয়সী কিশোর-কিশোরী-দের জন্য একটি নিরাপদ শিক্ষার পরিবেশ তৈরি করতে সাহায্য করেছে। ভয়েস এবং প্রমিসের হস্তক্ষেপের জন্য, FBO-গুলো ইন্টারভেনশনকারী সমাজগুলো থেকে এমন প্রাপ্তবয়স্ক স্বেচ্ছাসেবকদের সতর্কভাবে নির্বাচন করেছে যারা সমাজের নেতা, স্বাস্থ্য সহায়তাকারী হিসেবে কাজ করেছে এবং তাদের হয় অন্যান্য সমাজ-ভিত্তিক সংস্থাগুলোর সাথে কাজ করার অভিজ্ঞতা রয়েছে কিংবা মিশ্র-গ্রুপ সেটিংসে আলোচনার নেতৃত্ব দিয়েছেন৷ পিতামাতা এবং সমাজের সদস্যরা একই গ্রুপে পুরুষ এবং মহিলাদের সাথে অংশগ্রহণ করতে স্বাচ্ছন্দ্যবোধ করেন তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ ছিল। তাছাড়াও, বাস্তবায়নের পুরো সময় জুড়ে, ওয়ার্ল্ড রিনিউ এবং LAMB ফ্যাসিলিটেটরদের চলমান প্রশিক্ষণ এবং কোচিং প্রদান করেছে। একটি প্রণোদনা হিসেবে, ফ্যাসিলিটেটরদের উপবৃত্তি এবং ভ্রমণ ভাতা প্রদান করা হয়েছিল।

উভয় FBO জাতীয়, জেলা এবং উপজেলা স্তরে সরকারি কর্মকর্তাদের নিযুক্ত করে যেন শুরুতে অনুমোদন পাওয়া যায় এবং বাস্তবায়নের পুরো সময় জুড়ে তাদের সহায়তা নিশ্চিত করার জন্য তাদের অগ্রগতি জানিয়ে রাখতে চলমান যোগাযোগ বজায় রাখে। ফলশ্রুতিতে, বাস্তবায়নের অগ্রগতির সাথে সাথে, উপজেলা স্তরের সরকারী কর্তৃপক্ষগুলো তাদের সমাজের মধ্যে হস্তক্ষেপের প্রচার করে এবং প্রমিস পোস্টারগুলোর জন্য তাদের বিলবোর্ড এবং গ্রুপ আলোচনা সেশনের জন্য তাদের অফিসের জায়গা প্রদান করে কর্মসূচির শক্তিশালী প্রবক্তা হয়ে ওঠে।

চয়েস, ভয়েস, প্রমিস ইন্টারভেনশনের মাধ্যমে, ওয়ার্ল্ড রিনিউ এবং LAMB যৌথভাবে হস্তক্ষেপের অঞ্চল জুড়ে ৬৬১ জন অল্পবয়সী কিশোর-কিশোরী, ৩৮০ জন পিতামাতা/অভিবাবক এবং ১৫৩ জন কমিউনিটির প্রভাবশালীর কাছে গিয়েছে (চিত্র ৪)।

**চিত্র ৪: অল্পবয়সী কিশোর-কিশোরী, পরিবার এবং সমাজের সদস্যরা ইন্টারভেনশনের মাধ্যমে আওতাভুক্ত হয়েছেন**




## মূল ফলাফল: বাস্তবায়নকারী দল এবং অংশগ্রহণকারীদের দৃষ্টিভঙ্গি

উপরে উল্লেখিত হিসাবে, বাস্তবায়নের অভিজ্ঞতা সংগ্রহ করতে, নির্দিষ্ট চ্যালেঞ্জগুলো আবিষ্কার করতে, প্রভাব পরিচালনা করতে এবং মূল শেখার প্রশ্নগুলোতে অবদান রাখতে মনিটরিং ডেটা এবং গুণগত বিন্যস্ত ব্যবস্থাপনা পদ্ধতিগুলো ব্যবহৃত হয়েছিল। নীচে উপস্থাপিত ফলাফলগুলো বিভিন্ন বিন্যস্ত ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে সংগৃহীত শিক্ষার সমন্বয়। ব্যবহৃত বিন্যস্ত ব্যবস্থাপনা পদ্ধতির পরিপ্রেক্ষিতে, নীচের ধারণা বাস্তবায়নকারী কর্মীদের এবং কর্মসূচিতে অংশগ্রহণকারীদের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করে।


1. **একটি অংশগ্রহণমূলক, ছোট-গ্রুপ পদ্ধতি, কর্মসূচির অংশগ্রহণকারীদের যুক্ত করার জন্য একটি কার্যকর কৌশল ছিল।** বিশ্বব্যাপী দেখা যায় যে, পাঠ্যক্রম এবং আচরণ পরিবর্তনের জন্য একটি কার্যকর পদ্ধতি হল অংশগ্রহণমূলক ক্রিয়াকলাপ ব্যবহার করে ছোট গ্রুপে শেখার পদ্ধতির মাধ্যমে মানুষকে যুক্ত করা, (Marcus, 2019)। বাংলাদেশ থেকে বাস্তবায়নের ফলাফলগুলো থেকে বোঝা যায় যে চয়েসের পাঠ্যক্রমটি অল্পবয়সী কিশোর-কিশোরী-রা কিভাবে লৈঙ্গিক সুবিধা এবং বয়ঃসন্ধি বুঝতে পারে তার প্রতিফলন এবং পরিবর্তনগুলোকে প্রভাবিত করতে সহায়তা করেছে। একইভাবে, ভয়েস গ্রুপ আলোচনায় অংশগ্রহণকারী অভিভাবকদের সাক্ষ্য থেকে বোঝা যায় যে অভিভাবকরা তাদের লিঙ্গগত আচরণ এবং মনোভাব পুনর্বিবেচনা করতে অনুপ্রাণিত হয়েছেন। একজন অভিবাবক তার সন্তানদের সাথে ন্যায্য আচরণ করা এবং সমান সুযোগ দেওয়া নিশ্চিত করার ব্যাপারে বলেছেন : *"আমি নিশ্চিত করব যে আমার ছেলে এবং মেয়ে উভয়েই তাদের বাড়ির কাজ এবং কাজগুলো সম্পূর্ণ করতে এবং বন্ধুদের সাথে খেলার জন্য সমান সময় পায়"* তাছাড়াও, টেক-হোম সামগ্রীগুলো অল্পবয়সী কিশোর-কিশোরী এবং তাদের পিতামাতার মধ্যে দুই প্রজন্মের কথোপকথন এবং লিঙ্গ-সম্পর্কিত ধারণাগুলো শেয়ার করার উৎসাহ দেয়। অল্পবয়সী কিশোর-কিশোরী এর একজন অভিভাবকের কথা অনুযায়ী, *"কার্যকর যোগাযোগ, উপকরণ বিতরণ, সবার কাছ থেকে মতামত নেওয়া, সময়োপযোগী পরিকল্পনা প্রণয়ন, বাস্তবসম্মত গল্প শেয়ার করা, অভিজ্ঞতা শেয়ার করা এবং সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে ভয়েসের কার্যক্রম সফল হয়েছে।"* উভয় FBO রিপোর্ট করেছে যে, মিশ্র এবং পৃথক লিঙ্গের গ্রুপে বিভিন্ন পদ্ধতির মাধ্যমে ইন্টারভেনশনবাস্তবায়ন করা ভালো কাজ করেছে এবং তাদের নিজ নিজ প্রেক্ষাপটের জন্য উপযুক্ত ছিল।
2. **দীর্ঘস্থায়ী সমাজের সংযোগ এবং FBO এর ইতিবাচক ধারণা চয়েস, ভয়েস, প্রমিস প্রয়োগের জন্য একটি সক্ষম পরিবেশ তৈরিতে সহায়ক ছিল।** FBO-গুলো অল্পবয়সী কিশোর-কিশোরী, পরিবার এবং সমাজের মধ্যে সুন্দর এবং ন্যায়সঙ্গত অনুশীলনের প্রচার এবং শক্তিশালী করার জন্য একটি সহায়ক পরিবেশ তৈরিতে অনন্য ভূমিকা পালন করতে পারে। স্থানীয় সরকারি কর্তৃপক্ষের মতে, *"FBO-গুলো সমাজকে ক্ষমতায়ন করে এবং তাদের নিজেরাই পরিবর্তন আনতে তাদের আত্মবিশ্বাস গড়ে তোলে।"* LAMB এবং ওয়ার্ল্ড রিনিউয়ের গভীর সমাজ সংযোগ এবং সমাজগুলোর তাদের সম্পর্কে ইতিবাচক উপলব্ধি চয়েস, ভয়েস, প্রমিস বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক ছিল। বিন্যস্ত ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে সংগৃহীত শিক্ষায় দেখা যায় যে FBO-গুলোর কিশোর-কিশোরী কর্মসূচি বাস্তবায়নের পূর্বের অভিজ্ঞতা এবং সমাজের মধ্যে তাদের দীর্ঘস্থায়ী সম্পর্ক ইন্টারভেনশনটি যে একটি কার্যকর এবং গ্রহণযোগ্য উপায়ে প্রদান করা হয়েছে তা নিশ্চিত করার জন্য কর্মসূচির তৈরি এবং বাস্তবায়নকে গাইড করতে সাহায্য করেছে। একজন FBO কর্মী সদস্য জানান যে, ইন্টারভেনশনটি সংস্থার বিদ্যমান কাজের বৃহত্তর পরিসরে মাননসই, *"এটি স্বাস্থ্য এবং শিক্ষা সম্পর্কে সমাজের সচেতনতা বৃদ্ধির এবং ছেলে ও মেয়েদের সমানভাবে আচরণ করার বিষয়ে মানুষের মানসিকতায় পরিবর্তন আনার জন্য আমাদের কাজের পরিপূরক হয়।"* তাছাড়াও, FBO-গুলো তাদের সমমনা বিশ্বাস ভিত্তিক নেটওয়ার্কগুলোকে সমাজ-স্তরের কার্যকলাপের অনুমোদন পেতে এবং অল্পবয়সী কিশোর-কিশোরী SRH এবং লিঙ্গ সমতার প্রচার করার জন্য সহায়তা লাভের জন্য ব্যবহার করেছে।
3. **প্রভাবশালী সমাজের সদস্যদের সম্পৃক্ততা হস্তক্ষেপের পদ্ধতির গ্রহণযোগ্যতাকে উন্নীত করেছে এবং লিঙ্গ-সমতাপূর্ণ আচরণ এবং মনোভাবের সামাজিক প্রসার ত্বরান্বিত করেছে।** প্রমিসের হস্তক্ষেপের মাধ্যমে, কর্মসূচিটি শিক্ষক, ধর্মীয় নেতা, সরকারি কর্তৃপক্ষ, স্বাস্থ্যকর্মী এবং অন্যান্য মূল কর্তারাসহ সমাজের প্রভাবশালী সদস্যদের তাদের লিঙ্গভিত্তিক বিশ্বাসকে পরিবর্তন করার লক্ষ্যে এবং সমাজের মধ্যে বৃহত্তর পরিবর্তনকে অনুপ্রাণিত করার লক্ষ্যে বৈষম্যমূলক রীতির ব্যাপারে গ্রুপ আলোচনায় নিযুক্ত করে। বাস্তবায়নকারী টিম এবং কর্মসূচির অংশগ্রহণকারীদের মতে, বাস্তবায়নের সময় পিতামাতা এবং সমাজের সদস্যদের ক্রমাগত নিযুক্তির সাথে কর্মসূচির শুরুতে সতর্কতাপূর্ণ পরিচিতি পর্ব গুরুত্বপূর্ণ হিসেবে প্রমাণিত হয়েছে, যা শুধুমাত্র তাদের ব্যক্তিগত জ্ঞান এবং মনোভাব উন্নত করার জন্য নয়, বরং ন্যায্য মনোভাব, আচরণ এবং রীতির, উন্নতি অর্জনের জন্য সম্মিলিত পদক্ষেপকে অনুপ্রাণিত করার জন্যও। সাতক্ষীরা জেলার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, *"আমি মনে করি এখন আমার এলাকায় লিঙ্গ সমতা প্রচারে আগের চেয়ে অনেক বেশি দায়িত্ব আছে। আমি আমার এলাকার অভিভাবকদের তাদের মেয়ে এবং ছেলে উভয়কেই সমান গুরুত্ব দিতে উৎসাহিত করতে থাকব।"* তাছাড়াও, একজন ধর্মীয় নেতা প্রমিসের হস্তক্ষেপে অংশগ্রহণের কারণে প্রভাবশালী সমাজের সদস্য হিসেবে তার মানসিকতা এবং দায়িত্বের পরিবর্তন সম্পর্কে বলেছেন, *"আমি পিতামাতার অনুরোধে বাল্যবিবাহ সম্পাদন করতাম। কিন্তু এখন, আমি অভিভাবকদের সাথে কথা বলব এবং তাদের বলব তারা যদি এটি চালিয়ে যান, তাহলে আমি আইনি ব্যবস্থা নেওয়ার জন্য ১০৯ নম্বরে কল করব।"*

4. **উপযোগী প্রযুক্তিগত এবং সাংগঠনিক সক্ষমতার শক্তিশালীকরণ FBO-গুলোকে লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক অল্পবয়সী কিশোর-কিশোরী পদ্ধতির বাস্তবায়নে সহায়তা করে এবং তাদের সাংগঠনিক কর্মক্ষমতা উন্নত করে।** মোমেন্টামসহকর্মীদের দ্বারা FBO কর্মসূচি কর্মীদের ধারাবাহিক প্রশিক্ষণ এবং পরামর্শদান অল্পবয়সী কিশোর-কিশোরী-দের জন্য কার্যকরভাবে লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক কর্মসূচি প্রদানের জন্য তাদের প্রযুক্তিগত সক্ষমতা এবং আত্মবিশ্বাস বৃদ্ধিতে অবদান রেখেছে। একটি উপযোগী বাস্তবায়ন ম্যাপিং টুল এবং বিরতি ও ধারণা সেশন দ্বারা পরিচালিত নিয়মিত প্রকল্প টিম মিটিংয়ের মাধ্যমে বাস্তব প্রতিক্রিয়া সংগ্রহ করা, শেখার সংস্কৃতিকে উৎসাহিত করে এবং প্রোগ্রামের দ্রুত পুনরাবৃত্তির সুযোগ দেয়। তাছাড়া, পরিমার্জিত সাংগঠনিক শক্তিশালীকরণ কার্যক্রম FBOগুলোর সিস্টেম এবং অপারেশন প্ল্যানগুলোকে উন্নত করেছে যা, সমাজের মধ্যে চয়েস, ভয়েস, প্রমিস পদ্ধতির শক্তিশালী বাস্তবায়নে রূপান্তর করা হয়েছে। FBO-গুলো শেয়ার করেছে যে প্রকল্পের দ্বারা প্রদত্ত সাংগঠনিক সক্ষমতা শক্তিশালীকরণ সহায়তা পাঁচ বছরের কৌশলগত পরিকল্পনা তৈরি করতে সহায়তা করে যা তারা যেখানে কাজ করে সেই সমাজগুলোতে বিরাজমান গভীরভাবে প্রতিষ্ঠিত সামাজিক এবং লৈঙ্গিক রীতিগুলোকে পরিবর্তন করার জন্য লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক পদ্ধতির অগ্রাধিকার দেয়া কোচিং, পরামর্শদান এবং প্রশিক্ষণের মাধ্যমে সাংগঠনিক প্রক্রিয়া এবং সিস্টেমগুলোকে শক্তিশালী করার জন্য একত্রে কাজ করা (যেমন, ফিল্ড ভিজিট টেমপ্লেট, নারীর ক্ষমতায়ন নির্দেশিকা, পর্যবেক্ষণ এবং মূল্যায়ন নীতি, সুরক্ষা নীতি, রিসোর্স সহজলভ্যকরণ পরিকল্পনা, যোগাযোগ কৌশল, আর্থিক ব্যবস্থাপনা) সাংগঠনিক কর্মীদের সক্ষমতা তৈরি করেছে। এটি FBO-গুলো এবং তাদের সমাজের মধ্যে শক্তিশালী বাস্তবায়ন এবং দীর্ঘস্থায়ী প্রভাবে পরিণত হয়েছে যা মোমেন্টামের পরে সুবিধাগুলো ভোগ করতে থাকবে। এছাড়াও, উভয় FBO এর জন্য বেসলাইন এবং শেষের OPI মূল্যায়ন সাংগঠনিক কর্মক্ষমতা বৃদ্ধি দেখায়: LAMB = 4 এর মধ্যে 2.3 থেকে 3.2 এবং ওয়ার্ল্ড রিনিউ = 4 এর মধ্যে 3 থেকে 3.6। চিত্র ৫ এবং ৬ OPI এর ১০টি সাবডোমেন দ্বারা এটিকে আলাদা করে। LAMB এর ক্ষেত্রে, সিস্টেম অভিযোজনযোগ্যতা, সামাজিক মূলধন এবং রিসোর্স সাবডোমেন দ্বারা বৃদ্ধি চালিত হয়েছিল; ওয়ার্ল্ড রিনিউ এর ক্ষেত্রে, শিক্ষার সাবডোমেনগুলো সর্বাধিক বৃদ্ধি পেয়েছে এবং সংস্থার জন্য মনোরম কার্যকারিতা প্রদর্শন করে আরো কয়েকটি সাবডোমেনে 4/4 স্কোরে পৌঁছেছে।

### চিত্র 5: LAMB এর জন্য সাংগঠনিক কর্মক্ষমতার সূচক




### চিত্র ৬: ওয়ার্ল্ড রিনিউ এর জন্য সাংগঠনিক কর্মক্ষমতার সূচক



## বাস্তবায়নে চ্যালেঞ্জ এবং অভিযোজন

অভিযোজনমূলক ম্যানেজমেন্ট পদ্ধতির মাধ্যমে চিহ্নিত বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং সেগুলোর কর্মসূচি বিষয়ক প্রতিক্রিয়া নীচে বিস্তারিতভাবে দেওয়া হয়েছে।

| চ্যালেঞ্জ | কর্মসূচির প্রভাব | অভিযোজন |
|---|---|---|
| **চয়েসের সেশনে বয়সের গতিশীলতা** | অল্পবয়সী কিশোর-কিশোরী-রা (বয়স ১৩ এবং ১৪) আলোচনায় বেশি অংশগ্রহণ করে এবং চয়েসের সেশনে ছোট অল্পবয়সী কিশোর-কিশোরী-দের (বয়স ১০ থেকে ১২ বছর) থেকে বেশি অংশগ্রহণ করে। | বাস্তবায়নকারী টিমগুলো চলমান প্রশিক্ষণ প্রদান করে এবং ছোট অল্পবয়সী কিশোর-কিশোরী এর সম্পৃক্ততা বাড়ানোর জন্য কিশোর-কিশোরী ফ্যাসিলিটেটরদের প্রশিক্ষিত করে, যেন সেশনের সময় তাদের কথা বলতে এবং মতামত শেয়ার করতে উৎসাহ দেওয়া যায়। |
| **বয়সী কিশোর-কিশোরী ফ্যাসিলিটেটরদের মধ্যে লিঙ্গ বিষয়ক কর্মসূচি সম্পর্কে সীমিত জ্ঞান** | চয়েস সেশনগুলো এগিয়ে যাওয়ার সাথে সাথে লিঙ্গ বিষয়ক ধারণাগুলো আরো জটিল হয়ে উঠেছে। বয়সী কিশোর-কিশোরী ফ্যাসিলিটেটররা বুঝতে পেরেছিলেন যে তারা বিষয়গুলো সামলাতে এবং জটিল আলোচনাগুলো যথাযথভাবে পরিচালনা করার জন্য প্রস্তুত নয়। | বাস্তবায়নকারী টিমগুলো কিশোর-কিশোরীদের বোঝাপড়ার উন্নতি করতে, যেকোনো পক্ষপাতের সমাধান করতে এবং জটিল লিঙ্গ বিষয়ক ধারণাগুলোর ব্যাপারে আলোচনা করে তাদের দক্ষতা এবং স্বাচ্ছন্দ্য বৃদ্ধি করতে পরামর্শদান এবং তত্ত্বাবধানের মাধ্যমে অতিরিক্ত সহায়তা প্রদান করে। |
| **ভয়েসের সেশনে পুরুষের সীমিত অংশগ্রহণ** | ইন্টারভেনশন বাস্তবায়নের সময়টি ফসল কাটার মৌসুমের সাথে মিলে যায়, এজন্য ভয়েস সেশনে পিতাদের অংশগ্রহণ সীমিত ছিল। | বাস্তবায়নকারী টিমগুলো তাদের সময়সূচি উপযোগী করার জন্য সেশনগুলো পুনঃনির্ধারণ করে পুরুষদের উপস্থিতির সুবিধার্থে গ্রুপ আলোচনা সেশনের সময় সমন্বয় করে, তবে চ্যালেঞ্জগুলো রয়ে গেছে। |
| **প্রাসঙ্গিক কারণ** | ঘূর্ণিঝড় এবং মৌসুমী বন্যাসহ COVID-19 মহামারী এবং জলবায়ু প্রভাবের কারণে লকডাউন এবং বিধিনিষেধ, কর্মসূচির কার্যক্রম বাস্তবায়ন থেকে মনোযোগ বিঘ্নিত করে । | অংশগ্রহণকারীদের সাথে ঘন ঘন যোগাযোগ বজায় রাখতে এবং তাদের সময়সূচি পরিবর্তন সম্পর্কে অবহিত রাখতে FBO-গুলো কমিউনিটির মধ্যে তাদের সংযোগ ব্যবহার করে। এছাড়াও, যেসব এলাকায় সমাজের সদস্যদের মধ্যে ফোনের মালিকানা কম ছিল, সেখানে প্রকল্প বাস্তবায়নকারী কর্মীরা আলোচনা করতে এবং গ্রুপ সেশনের জন্য উপযুক্ত সময় চিহ্নিত করতে পরিবার ভিজিট করেন। |

## উন্নতির প্রতিফলন

এই কার্যকলাপের মাধ্যমে, MOMENTUM, LAMB এবং ওয়ার্ল্ড রিনিউ বাংলাদেশে অল্পবয়সী কিশোর-কিশোরীরা, তাদের পরিবার এবং সমাজের মধ্যে ক্ষতিকারক লৈঙ্গিক এবং SRH মনোভাব, আচরণ এবং রীতিগুলোকে কার্যকরভাবে মোকাবেলা করার জন্য কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলোর সম্ভাবনা দেখিয়েছে। বাংলাদেশে বাল্যবিবাহ, কম বয়সে ও অনিচ্ছাকৃত গর্ভধারণ এবং কিশোর বয়সে সন্তান জন্মদানের কারণ হওয়ার মতো লিঙ্গসংক্রান্ত রীতি এবং স্বাস্থ্যের দৃষ্টিভঙ্গি এবং আচরণগুলোকে মোকাবেলা করার গুরুত্বের প্রেক্ষিতে, এই শিক্ষাটি লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক অল্পবয়সী কিশোর-কিশোরী পদ্ধতির বাস্তবায়ন এবং প্রসার ঘটাতে পারে। নিম্নলিখিত সেকশনটি কাজের প্রতিফলন আলোচনা করে এবং ভবিষ্যতের জন্য মূল বিবেচনাগুলো আলকপাত করে:

- অংশীদারিত্বের চুক্তির অংশ হিসেবে স্থানীয় পার্টনারদের দেওয়া উপযোগী সক্ষমতা শক্তিশালীকরণ দীর্ঘমেয়াদে তাদের লক্ষ্যগুলোকে সমর্থনে সাহায্য করে। প্রায়শই সংস্থাগুলোর দীর্ঘমেয়াদে তাদের কর্মসূচির সহায়তা করার জন্য বৃহত্তর সাংগঠনিক বিষয়গুলোতে একটি আলোকপাত করার জন্য রিসোর্স (সময় এবং তহবিল) নাও থাকতে পারে। পার্টনারদের সাথে চলমান কাজের মধ্যে এই ধরনের চর্চা তৈরি করার জায়গা তৈরি করতে পারে।
- অল্পবয়সী কিশোর-কিশোরী এর মধ্যে লিঙ্গ বিষয়ক রীতি এবং SRH এর মতো সামাজিকভাবে নিষিদ্ধ বিষয়গুলো মোকাবেলা করার জন্য FBO-গুলো সহ কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলোর সাথে এবং তাদের মাধ্যমে কাজ করা বৃহত্তর কমিউনিটির গ্রহণযোগ্যতা এবং সম্পৃক্ততার দিকে নিয়ে যায়। লিঙ্গ এবং সামাজিক রীতি, লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক পদ্ধতি এবং বয়স- ভিত্তিক স্বাস্থ্য তথ্যের মতো বিষয়গুলোতে সক্ষমতা বিকাশের জন্য বিশেষ সময় এবং মনোযোগের প্রয়োজন রয়েছে।
- একটি বহু-স্তরের পদ্ধতি ব্যবহার যা অল্পবয়সী কিশোর-কিশোরীরা, তাদের পরিবার এবং তাদের সমাজকে সংলাপ-ভিত্তিক কাজে নিযুক্ত করে যা কমিউনিটির সহায়তা এবং গ্রহণযোগ্যতা উভয়ের জন্য এবং মনোভাব ও আচরণের পরিবর্তনের অবস্থা তৈরি করার জন্য অপরিহার্য ছিল।
- জেলা এবং উপজেলা (উপজেলা এবং ইউনিয়নের কর্মকর্তা) স্তরে সরকারি সংস্থাগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা প্রোগ্রামগুলোর জন্য সহায়তা উপযোগী করে এবং সরকারি বিনিয়োগ এবং মালিকানার মাধ্যমে প্রসার করার সুযোগ তৈরি করতে পারে।
- বিন্যস্ত ব্যবস্থাপনা পদ্ধতির ব্যবহার , শিক্ষার সংস্কৃতি তৈরি করে যা সংস্থাগুলোকে বাস্তবায়নের উপর সমালোচনামূলকভাবে প্রতিফলিত করতে এবং চ্যালেঞ্জগুলো কমাতে দ্রুত বিন্যাস করতে দেয়। এটি লিঙ্গ সংক্রান্ত পরিবর্তনমূলক সামাজিক এবং আচরণ পরিবর্তন পদ্ধতির প্রেক্ষাপটে বিশেষভাবে গুরুত্বপূর্ণ যেখানে ক্রমাগত শিক্ষা এবং বিন্যাস এ বিষয়ে সমাজের প্রতিক্রিয়াকে প্রশমিত করতে পারে এবং জটিল লৈঙ্গিক বিষয়গুলোতে আরও সহায়তার জন্য দ্রুত প্রয়োজনীয়তা শনাক্ত করতে পারে।

# তথ্যসূত্র

Igras, S. M., Macieira, M., Murphy, E., & Lundgren, R. (2014). Investing in very young adolescents' sexual and reproductive health. *Global Public Health*, (খুব অল্পবয়সীদের যৌন ও প্রজনন স্বাস্থ্যে বিনিয়োগ। গ্লোবাল পাবলিক হেলথ) *9*(5), 555-569.

Lundgren, R., Beckman, M., Chaurasiya, S. P., Subhedi, B., & Kerner, B. (2013). Whose turn to do the dishes? Transforming gender attitudes and behaviours among very young adolescents in Nepal. *Gender & Development*, (থালা-বাসন পরিষ্কার করা কার পালা? নেপালের খুব অল্পবয়সী কিশোর-কিশোরীদের মধ্যে লিঙ্গ সংক্রান্ত মনোভাব এবং আচরণ পরিবর্তন করা। লিঙ্গ ও উন্নয়ন) *21*(1), 127-145.

Lundgren, R., Gibbs, S., & Kerner, B. (2018). Does it take a village? Fostering gender equity among early adolescents in Nepal. *International Journal of Adolescent Medicine and Health* (এটার জন্য অনেকজন লাগে? নেপালের কম বয়সী কিশোর-কিশোরীদের মধ্যে লিঙ্গ সমতা বৃদ্ধি করা। ইন্টারন্যাশনাল জার্নাল অফ অ্যাডোলেসেন্ট মেডিসিন অ্যান্ড হেলথ), *32*(4), 20170164.

Marcus, R. (2019). ALIGN Guide to girls' clubs, empowerment programmes and gender norm change. (মেয়েদের ক্লাব, ক্ষমতায়ন প্রোগ্রাম এবং লিঙ্গ সংক্রান্ত রীতি পরিবর্তনের জন্য সহায়ক গাইড।) https://www.alignplatform.org/sites/default/files/2019-02/girls_clubs_guide.pdf

National Institute of Population Research and Training (জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট) (NIPORT), and ICF. (2020). *Bangladesh Demographic and Health Survey 2017-18*. Dhaka, Bangladesh (*বাংলাদেশ জনসংখ্যা ও স্বাস্থ্য জরিপ 2017-18 । ঢাকা, বাংলাদেশ),* and Rockville, Maryland, USA: NIPORT and ICF.

Woog, V. & Kågesten. A. (2017). The Sexual and Reproductive Health Needs of Very Young Adolescents Aged 10–14 in Developing Countries: What Does the Evidence Show? (উন্নয়নশীল দেশগুলিতে 10-14 বছর বয়সের খুব অল্পবয়সী কিশোর-কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য চাহিদা: প্রমাণে কী দেখা যায়? ) New York: Guttmacher Institute. https://www.guttmacher.org/report/srh-needs-very-young-adolescents-in-developing-countries.

**MOMENTUM (মোমেন্টাম)**

USAIDMomentum.org

**TWITTER**: @USAIDMomentum

**FACEBOOK**: USAID Momentum

Jhpiego এবং পার্টনারদের পরিচালনায় সমবায় চুক্তি #7200AA20CA00002 এর শর্তাবলীর অধীনে ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (USAID) এর মাধ্যমে আমেরিকান জনগণের উদার সহায়তার ফলে এই সারসংক্ষিপ্তটি করা সম্ভব হয়েছে। বিষয়বস্তুগুলো মোমেন্টাম কান্ট্রি এন্ড গ্লোবাল লিডারশিপের দায়িত্ব USAID বা মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের মতামতকে প্রতিফলিত করে না।